# Cambridge IELTS 17

## (Academic) Passage

Recent Bazar

**Saifur Rahman Khan**

Managing Director,
S@ifur's.
Ex-lecturer,
IBA,
University of Dhaka.

B.Sc. Engg.(EEE, BUET);
MBA,
International University of Japan.
Monbusho Scholar.
**Top Scorer** (740 > 99%) in **GMAT**

**Edition** ➢ **2026**

**Published By** ➢ **S@ifur's Publication**

**Copyright ©** ➢ **Saifur Rahman Khan**

[এই বই অথবা বইয়ের কোন অংশ **pdf** করে বিক্রি করা বা **free** সরবরাহ করা আইনত দণ্ডনীয়]

## Distributor

18/2, জয়চন্দ্র ঘোষ লেন (শহীদ ময়েজউদ্দিন রেড ক্রিসেন্ট হাসপাতালের সামনে)
প্যারিদাস রোড, বাংলাবাজার, ঢাকা।
মোবাইল: 01713 43 20 15; 01613 43 20 16

**YouTube চ্যানেল :**
www.youtube.com/saifursofficial

S@ifur's-**এর বই পেতে :**
01713 43 20 15; 01613 43 20 16
**(10 am 5 pm)**

English **ও ক্যারিয়ার নিয়ে বইয়ের অর্ডার করতে :**
www.saifursbooks.com

Recent Bazar

## Compose & Design

Md. Al-Mamun Ferdous; Sheikh Abdul Kuddus

***Price: Tk. 200 (Fixed); US $ 8 only***

# Table of Contents

## Test-1


**Passage # 01 :** The development of the London ....... railway .................... 001

**Passage # 02 :** Stadiums: past, present and future ........................................ 013

**Passage # 03 :** To catch a king .............................................................................. 029


## Test-2


**Passage # 01 :** The Dead Sea Scrolls ..................................................................... 046

**Passage # 02 :** A second attempt ............. tomato ............................................ 058

**Passage # 03 :** Insight or evolution? ..................................................................... 073


## Test-3


**Passage # 01 :** The thylacine ................................................................................ 091

**Passage # 02 :** Palm oil ........................................................................................... 103

**Passage # 03 :** Building the Skyline: The Birth ........ Skyscrapers ................. 000


## Test-4


**Passage # 01 :** Bats to the rescue (উদ্ধারে বাদুড়) ............................................... 135

**Passage # 02 :** Does education fuel economic growth? .............................. 149

**Passage # 03 :** Timur Gareyev – blindfold chess champion ......................... 163


Recent Bazar

# এই Page-টি মন দিয়ে পড়ুন

**প্রশ্ন:** কিছু কিছু শিক্ষার্থী প্রায় আমাকে ফোন করে বলেন, স্যার Cambridge 1-নং বই থেকে 17-নং (Latest) বই পর্যন্ত সবই পড়া হয়েছে, কিন্তু এখনও Reading-এ Band 5-এর বেশি স্কোর তুলতে পারি না, কী করবো স্যার?

**উত্তর:** Cambridge IELTS-এর বইগুলি পড়লে Reading-এর প্রশ্নের pattern সম্পর্কে ধারণা হয়। তার মানে, Heading Matching, MCQ, Double MCQ, Note Completion, Yes / No / Not Given প্রভৃতি Question type বা Pattern জানা যায়। কিন্তু Cambridge 1-17, Trainer, Official Guide এবং Nilkhet-এ IELTS নিয়ে আরো যত বই আছে, সবগুলি complete করলেও আপনার স্কোর বাড়বে না, সারা জীবনই 5-ই পাবেন। এর কারণ হলো- না বুঝে শত শত passage solve করে কোন লাভ নেই।

সবার আগে দরকার Reading-টা শেখা, তার মানে, বড় বড় বাক্য বুঝতে শেখা। একই ভুল যাতে বার বার না হয়, কেন ভুল হলো সেগুলো correct করা অথবা কেনইবা সঠিক হলো সেটা ঠিক করা। আর এর জন্য Cambridge-এর সব বই পড়ার দরকার নেই, বরং Cambridge সিরিজের কয়েকটি বই যেমন 14, 15, 16, 17 প্রভৃতি বইগুলি বুঝে বুঝে solve করা এবং শিখতে থাকা। তাই না বুঝে ১০০-টা passage solve করার চেয়ে বুঝে বুঝে ১০-টি passage solve করাটাই অনেক বেশি ভালো। Reading-এ 7 পেতে হলে আপনাকে ৪০-টা প্রশ্নের মধ্যে ৩০-টা correct করতে হবে। তার মানে, Reading-এ সবগুলোর প্রশ্নের সঠিক উত্তর দিতে হবে সেটা জরুরী না। কারণ ১০-টা ভুল হলেও তো সমস্যা নাই কারণ, আপনার Target ৩০-টা correct করা। অনেকেই Reading সবগুলো correct করতে গিয়ে সহজ প্রশ্নগুলোও ভুল করেন।

হ্যাঁ যত বেশি passage বুঝে বুঝে solve করবেন ততই আপনার Reading-এ দক্ষতা বাড়বে। আসল ব্যাপার হলো, বাসায় IELTS চর্চা করার সময় আপনার পাশে তো টিচার থাকবে না। তাই S@ifur's Cambridge (একাডেমিক) এবং (GT) বাংলা ব্যাখ্যাসহ সমাধানগুলি পড়ুন। এর ফলে আপনার ভুলগুলো আপনি নিজেই ধরতে পারবেন। কীভাবে আসল পরীক্ষাতে কম সময়ে passage-গুলো solve করতে হয় সেগুলো হাতে-কলমে শিখতে পারবেন S@ifur's-এর বইগুলি পড়লে।

পরিশেষে, আপনার হাতের Cambridge 17-নং বাংলা ব্যাখ্যা সমাধানসহ বইটি ভালোভাবে আয়ত্ত করেন এবং S@ifur's-এর 11 থেকে 17 (Academic) এবং (GT)-এর বাংলায় বিস্তারিত ব্যাখ্যা ও সমাধান করা বইগুলি মন দিয়ে পড়ুন।

Recent Bazar

# কেম্ব্রিজ রিডিং Test # 1

## Passage # 01

**Step # 1**

Passage-এর title-টা মন দিয়ে পড়লাম:

### The development of the London underground railway

(= লন্ডনের পাতাল রেলপথের বিকাশ উন্নয়ন)



**ছবি: লন্ডনের পাতাল রেলপথ**

Recent Bazar

## Step # 2

পৃষ্ঠা উল্টিয়ে সরাসরি প্রশ্নে যেয়ে **Q # (1 – 6)**-এ পেলাম **ONE WORD ONLY** দিয়ে notes-এর শূন্যস্থান পূরণ। এই ধরনের প্রশ্নের উত্তর পর পর serially কাছাকাছি পাওয়া যায়। তাই প্রথমে এগুলো solve করবো।

## Step # 3

**Question # 1** মন দিয়ে পড়লাম:

• *The* **1** ......... *of London increased rapidly between 1800 and 1850*
(= লন্ডনের **1** ...... বৃদ্ধি পেয়েছিলো দ্রুত ১৮০০ এবং ১৮৫০ সালের মধ্যে)

সমার্থক

1800 and 1850 সংখ্যা খুঁজে বের করা সহজ। তাই, সাল দুটো খোঁজার জন্য passage-এ ফেরত যেয়ে 1st sentence-য়েই পেলাম:

সমার্থক

অ্যাস্‌ঠনিশিং = অতি বিস্ময়কর

*In the first half of the 1800s, London's population grew at an astonishing rate,*
(১৮ শতকের প্রথমার্ধে, লন্ডনের *population* অর্থাৎ, জনসংখ্যা বৃদ্ধি পেয়েছিলো অত্যন্ত বিস্ময়কর হারে,)

য়েই-ঠীন-হান্‌ড্রেড্‌য্ = 1800 – 1899

পরিষ্কার বোঝাই যাচ্ছে, **Q # 1**-এর উত্তর হবে: ***population***।

## একই ধরনের বাক্য

*In the second half of the 1900s, Dhaka's population rocketed* (রকেটেড্).

Recent Bazar

## Step # 4

এবার **Question # 2** মন দিয়ে পড়া যাক:

*Building the railway would make it possible to* *move* *people to better housing in the* **2** ...
(রেলপথ নির্মাণ করাটা সম্ভব করে দেবে লোকজনকে আরো ভালো বাসাবাড়িতে স্থানান্তর করতে **2**-এর মধ্যে ....)

সমার্থক

## Step # 5

প্রশ্নের ঠিক উপরের লাইনে একটা নাম পাওয়া গেলো: *Charles Pearson*। Passage-এ ফেরত যেয়ে পরের লাইনগুলোতে দ্রুত চোখ বুলিয়ে প্রথমে নামটা খুঁজে বের করবো। 2nd para-র 1st sentence-য়ে নামটা পেলাম। সেখান থেকে এবার মন দিয়ে পড়া শুরু করালাম। পড়তে পড়তে para-র মাঝামাঝিতে পেলাম:

ভিন্ন কোনো জায়গায় সরানো বা স্থানান্তর করা

*His idea was to* *relocate* *the poor workers who lived in the inner-city slums to newly constructed suburbs*, (তার পরিকল্পনাটি ছিলো গরীব শ্রমিকদেরকে যারা শহরের কেন্দ্রস্থিত *slums* তথা বস্তিগুলোতে বসবাস করতো তাদেরকে নবনির্মিত *suburbs*, মানে উপশহরগুলোতে স্থানান্তর করা,)

তার মানে, রেলপথটি নির্মিত হলে গরীবরা শহরের বস্তিগুলো ত্যাগ করে *suburbs*-এর নবনির্মিত বাসাগুলোতে *move* করতে পারবে।

অতএব, বোঝাই যাচ্ছে, **Q # 2**-এর উত্তর হবে: ***suburbs***।

## Step # 6

পরের প্রশ্নে যাওয়া যাক:

*A number of* **3** ......... *agreed with Pearson's idea*
(কতিপয় **3** _____ একমত পোষণ করেন *Pearson*-এর ধারণার সঙ্গে)

## Step # 7

প্যাসেজে ফেরত যেয়ে **2**-এর উত্তর যেখানে পাওয়া গেলো, ঠিক তার পরের লাইনেই পড়লাম:

*Pearson's ideas gained support amongst some businessmen*
(*Pearson*-এর ধারণাগুলো সমর্থন পেয়েছিলো কিছু ব্যবসায়ীদের মধ্যে)

তার মানে, কিছু *businessmen* অর্থাৎ, ব্যবসায়ীরা তার ধারণার সঙ্গে একমত পোষণ করেছিলেন।

পরিষ্কার বোঝাই যাচ্ছে, **Q # 3**-এর উত্তর: ***businessmen***।

Recent Bazar

## Step # 8

**Question # 4** মন দিয়ে পড়লাম:

which was উহ্য আছে

*The company initially had problems getting the* **4** *...........needed for the project*
[কোম্পানির শুরুর দিকে সমস্যা হয়েছিল পাওয়ার ব্যাপারে **4** _____ এর (যেটা) প্রয়োজন ছিলো প্রজেক্টটির জন্য।]

## Step # 9

কো-ইন্সাইড্ = একই সঙ্গে ঘটা

প্যাসেজে ফেরত যেয়ে যে পর্যন্ত পড়া হয়েছে, তার পর থেকে মন দিয়ে পড়া শুরু করলাম:

*........ and in 1851 he submitted a plan to Parliament. It was rejected, but coincided with a proposal from another group for an underground connecting line, which Parliament passed.* ( ...... এবং ১৮৫১ সালে তিনি পার্লামেন্টের নিকট একটি পরিকল্পনা পেশ করলেন এটাকে প্রত্যাখ্যান করা হলো, মানে গৃহীত হলো না, কিন্তু একইসঙ্গে অন্য একটি গ্রুপের নিকট হতে একটি প্রস্তাব আসলো একটি ভূগর্ভস্থ সংযোগকারী রেললাইন প্রতিষ্ঠার জন্য, যেটা পার্লামেন্টে পাশ হলো।)

এর পর বলা হলো: মার্য্ড্ = একত্র হয়েছিলো

*The two groups merged and established the Metropolitan Railway Company in August 1854.* (অর্থাৎ, দুটো গ্রুপ *merge* করলো, মানে একটি কোম্পানিতে অঙ্গীভূত হলো এবং ১৮৫৪ সালের আগস্ট মাসে *Metropolitan Railway Company* প্রতিষ্ঠা করলো।)

এভাবে দ্রুত মন দিয়ে পড়ে 3rd para-র ঠিক মাঝামাঝিতে পেলাম: র‍্যাডিক্যাল্ = মৌলিক

*The organization had difficulty in raising the funding for such a radical and expensive scheme* (স্কিম্), (প্রতিষ্ঠানটির সমস্যা হয়েছিল *funding* অর্থাৎ, অর্থ সংগ্রহ করার বিষয়ে এমন একটি মৌলিক ও ব্যয়বহুল *scheme* তথা প্রজেক্টের জন্য,)

*not least because of the critical articles printed by the press.* [(অর্থ সংগ্রহের সমস্যার জন্য) অন্যান্য কারণের মধ্যে একটি প্রধান কারণ ছিলো এই যে *press* তথা সংবাদপত্রে তাদের এই প্রজেক্ট-এর বিষয়ে *critical* তথা সমালোচনাপূর্ণ লেখা ছাপা হয়েছিল।]

which were উহ্য আছে

পরিষ্কার বোঝাই যাচ্ছে, **Q # 4**-এর উত্তর হবে: ***funding***।

Recent Bazar